দৈনিক বাংলা

তারিখ 26 NOV 1988
পৃষ্ঠা 5 কলাম 7

018

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

# জনমত

দৈনিক বাংলা 26 NOV

## কৃষি বিশ্ববিদ্যালয়ের বিষয় বিভাগ

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় থেকে পশু পালন ও পশু চিকিৎসার উপরে দুটো পৃথক ডিগ্রী প্রদান করা হচ্ছে। প্রথমোক্ত ডিগ্রীধারীরা পশু ও পাখী সম্পদের উন্নয়ন, প্রজনন, পুষ্টি ও আধুনিক ব্যবস্থাপনা সম্পর্কে শিক্ষালাভ করেন এবং শেষোক্ত ডিগ্রধারীরা পশু চিকিৎসার উপরে চিকিৎসা ভিত্তিক শিক্ষা গ্রহণ করেন।

শিক্ষাগত পার্থক্যের কারণে পশু পালন ডিগ্রী ধারীরা দেশের পশু ও পাখীর উন্নয়নে, দুধ, মাংস ও ডিম উৎপাদনে, প্রক্রিয়াজাতকরণে ও পশু পুষ্টিতে যেভাবে অবদান রাখতে পারেন পশু চিকিৎসকদের দ্বারা পশু রোগের চিকিৎসা ছাড়া পশু প্রজননসহ পশু সম্পদের অন্যান্য আধুনিক ব্যবস্থাপনা দক্ষতার সঙ্গে করানো সম্ভব নয়।

এর কারণ হিসাবে বলা যায়, ১৯৬২ সাল থেকে কৃষি বিশ্ববিদ্যালয় দেশের প্রয়োজনে পশু সম্পদ উৎপাদনে ও পশু সম্পদ চিকিৎসায় দু ধরনের গ্রাজুয়েট তৈরি করলেও সঠিক কর্মক্ষেত্র না পেয়ে এদের কেউই শিক্ষানুরূপ দক্ষতা প্রদর্শন করে কর্মক্ষেত্রে কাজ করতে পারছেন না। অনেক ক্ষেত্রেই দেখা গেছে—এ দু ধরনের গ্র্যাজুয়েটরা একই পরিদফতরের অধীনে বিশৃংখলার মধ্যে তাদের শিক্ষার সাথে সঙ্গতিহীন সম্পূর্ণ ভিন্ন ধরনের কাজ করতে বাধ্য হচ্ছেন।

অবস্থার এই প্রেক্ষিতে সরকারের কাছে আবেদন—বর্তমান পশু পালন অধিদফতরকে পুনঃবিন্যাস করে দেশে পশু সম্পদ উন্নয়ন ও উৎপাদন ভিত্তিক একটি ও পশু সম্পদ চিকিৎসা বিষয়ক আরেকটি—এই দুটি আলাদা অধিদফতর প্রতিষ্ঠা করা হোক।

—উত্তম দাস মণ্ডল
পশ্চিম-২২, শাহ জালাল হল
বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়
ময়মনসিংহ-২২০২।